

- ২। হেরিলে তাঁহার ও রাজা চরণ ।
পাপ-তাপ-জ্বালা হ'ত নিবারণ ।
প্রেম বাণী যখন হ'ত বরিষণ
কাড়িয়ে লইত এ দেহ প্রাণ মন ॥
- ৩। হায়রে হারিয়ে আমার এ পোড়া পরাণ
নাহি নিবে আগুন জ্বলে বুক খান্ ।
আহতি দানিতে কিছু নাই এখন
আছে শুধু তাঁর করুণাই দান ॥
- ৪। স-করুণ স্বরে সুধাই গোপালচাঁদ
কুমুদ রে তুই মেলে দেখ নয়ন ।
আবার করুণা করিয়ে এসেছে ফিরিয়ে
গুরুচাঁদই আমার প্রমথরঞ্জন ॥

—কুমুদরঞ্জন



৬৪ নং

তাল--একতাল

- ওরে আমার গুরুচাঁদ রয়েছ কোন্ অজানা দেশে ।
তোমার তালাসে, যাব কোন্ দেশে, আমি পেলেম না দিশে ॥
- ১। হয়ে তোমার চরণ ছাড়া, বিরহেতে জীর্ণ জারা,
হারে আমি জ্যাস্তে মরা ।
মন দুঃখে পোড়া পোড়া গো,
হারে জ্বালা জুড়ায় না আর বাতাসে ॥